



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/০৫(খ২/ইংলিশ/ ২৩৩

তারিখ: ০৩/০৩/২০২৫ খ্রি.

বিষয়: বিদেশি কারিকুলাম- এ পরিচালিত Yale International School এর নিবন্ধন নবায়ন প্রসঙ্গে।

সূত্র: ১৬-০২-২০২৫ তারিখের পরিদর্শন প্রতিবেদন।

প্রত্যয়ন করা যাচ্ছে, Yale International School, বাড়ি নং- ০৭, শাহ মাখদুম এভিনিউ রোড, সেক্টর- ১৪, উত্তরা, ঢাকা- ১২৩০ কে “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিনেন্স, ১৯৬২ (Ordinance No. xx of 1962)” এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত “বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও নং- ১৭৩-আইন/২০১৭)” এর ধারা ৪এর উপ-ধারা ২ এর বিধান মোতাবেক ০১/০১/২০২৫ হতে পরবর্তী ০৩ (তিনি) বছরের জন্য মাধ্যমিক (O Level) ও উচ্চমাধ্যমিক (A Level) পর্যায়ে নিবন্ধন নবায়ন করা হলো।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:

- ১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
- ২। বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ১২ উপবিধি অনুসরণ করতে হবে;
- ৩। বিধিমালার ৬(৪) উপবিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে;
- ৪। বিধিমালার ২০(৩) উপবিধি অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করতে হবে;
- ৫। বিধিমালার ১৯ উপবিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে;
- ৬। উক্ত বিধিমালার ১৪ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার ৪ উপবিধি মোতাবেক নিবন্ধনের ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে;
- ৭। বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক পাঠ্যনাম করাতে হবে এবং ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
- ৮। শিক্ষা বোর্ড/সরকার কর্তৃক অনুমোদিত বা আর্টজাতিকভাবে স্বীকৃতি শিক্ষাক্রম অনুসরণ করতে হবে;
- ৯। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলণ ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।
- ১০। যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে।
- ১১। ফলাফল মানসম্মত হতে হবে;
- ১২। পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশসহ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করতে হবে;
- ১৩। নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্তুন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা দিয়ে নিবন্ধন নবায়নের আবেদন করতে হবে;
- ১৪। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ০৫-০৬-২০১৭ তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপ-বিধি অথবা ৬ উপ-বিধির অধীন রেজিস্ট্রেশন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করেন।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বা/-

প্রফেসর কাজী ফয়জুর রহমান

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

তারিখ: ০৩-০৩-২০২৫ খ্রি.

অধ্যক্ষ

ইয়েল ইন্টারন্যাশনাল স্কুল

বাড়ি নং- ০৭, শাহ মাখদুম এভিনিউ রোড, সেক্টর- ১৪,
উত্তরা, ঢাকা- ১২৩০

মেমো নং- ২৩৩ (৮)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তরার ক্রমানুসারে নথে):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
 - ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
 - ৩। জেলা প্রশাসক, ঢাকা;
 - ৪। কান্তি ম্যানেজার, বাংলাদেশ ক্যাম্বিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি- ৩১, রোড-৪, ব্রক- এফ, বনানী, ঢাকা-১২১৩;
 - ৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার
- পিয়ারসন এডেক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পাত্রপথ, ঢাকা;
- ৬। প্রতিষ্ঠাতা/পরিচালক, ইয়েল ইন্টারন্যাশনাল স্কুল, বাড়ি নং- ০৭, শাহ মাখদুম এভিনিউ রোড, সেক্টর- ১৪, উত্তরা, ঢাকা।
- ৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৮। অফিস কপি।

৩/৩/২৫
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

C. Deen M
03-03-2025